

দেবীদ্বারে ১০টি মাদ্রাসা ও ১টি কলেজে একজনও পাস করেনি

দেবীদ্বার (কুমিল্লা) থেকে সংবাদদাতা
৥ উপজেলার ১০টি আলীম, ফাযিল, কামিল
মাদ্রাসা এবং ১টি কলেজের ফলাফলে চরম
বিপর্যয় ঘটেছে। ১০টি মাদ্রাসা ও ১টি কলেজ
থেকে একজন পরীক্ষার্থীও পাসের মুখ দেখেনি।
মাদ্রাসাগুলো হচ্ছে: নেতানপুর, জয়পুর ও
রাজামেহার। আলীম ও কলেজ পরীক্ষায়
ফলাফল শূন্য মোহাম্মদপুর, পদুয়া, বাগমারা,
বল্লভপুর, রাজামেহার, ওয়াহেদপুর, চরবাকর,
শনাইখর মাদ্রাসা এবং ধামতি রওশনআরা
কলেজ। এইচ, এস, সি পরীক্ষায় ১০টি কলেজে
মোট ১৭৯৩ জন পরীক্ষার্থীর মধ্যে কৃতকার্য
হয়েছে ১০৯ জন, গড় পাসের হার ৬.০৭।
কলেজ ভিত্তিক সর্বোচ্চ পাসের হার ২৭.৪১
পেয়েছে রাজামেহার ইঞ্জিনিয়ার মঞ্জুরুল

আহসান মুন্সী কলেজ এবং সর্বনিম্ন পাসের হার
১.৬৮ পেয়েছে জামসঙ্গ মীর আদুল গফুর
কলেজ।